

তারাকান্দা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ফজলুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ২৫/০৭/২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক দৃষ্টব্য

জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা কে সভাপতি সভা পরিচালনা করার আহ্বান জানান। আলোচ্য সূচির ক্রমধারা অনুযায়ী সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ বিভিন্ন সমস্যাবলি সমাধানকল্পে বক্তব্য উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপনান্তে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

আলোচ্য সূচি-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টিকরণ।

বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কারো কোনো সংযোজন বিয়োজন কিংবা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।

আলোচ্য সূচি-২ঃ গত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

১। গত সভার বিভিন্ন বিভাগের গৃহিত কার্যক্রম সময়মত সম্পন্ন হয়েছে।

ক্রঃনং	প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	চেয়ারম্যান, কামারিয়া ইউনিয়ন পরিষদ	তিনি সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরধীন মাতৃভাষা উপকারভোগী নির্বাচনে ইউনিয়ন পরিষদকে সঠিক ভাবে সহযোগিতা করা হয়না এবং সঠিক তথ্য সরবরাহ করা হচ্ছে না। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি ইউনিয়ন পরিষদ পরিচালনায় গ্রাম পুলিশদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উপস্থাপন পূর্বক উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শূণ্য পদে দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি সভায় জানান যে, শিক্ষার মনোন্নয়নে বঙ্গবন্ধু সরকারী কলেজ এর শ্রেণিকক্ষ সংস্কার করা অতিব জরুরী এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।	জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
২	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা	তিনি সভায় জানান যে, কাব ও স্কাউট ইউনিট লিডার রিফ্রেশার্স কোর্স-২০২৩ এবং ওরিয়েন্টেশন কোর্স আয়োজনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে অর্থ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৩	উপজেলা কৃষি অফিসার, তারাকান্দা	তিনি সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় একটি হলরুম ও গুদামঘর নির্মাণের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে চাহিত একটি জমি পরিমাপ পূর্বক বরাদ্দ প্রদানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৪	জনাব বাবুল মিয়া সরকার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, তারাকান্দা উপজেলা শাখা	তিনি সভায় জানান যে, তারাকান্দা বাসস্ট্যান্ডের যানজট নিরসনে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও তিনি কামারিয়া ইউনিয়নের শরিফাবাদ দারুচ্ছন্নাৎ আলিম মাদরাসার সৌন্দর্য বৃদ্ধিতে প্রবেশ গেইট ও মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষনার্থে শহীদ মিনার নির্মাণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৫	উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা	তিনি সভায় জানান যে, আলোচিত প্রতিটি প্রস্তাবনাসমূহ যাচাই বাছাই পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান। তিনি সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়ন এক ইঞ্চি জমিও অনাবাদী রাখা যাবে না মর্মে উপজেলা পরিষদের অভ্যন্তরে খালি জায়গায় বিভিন্ন ধরনের সবজি চাষ করার প্রস্তাব করেন। এছাড়াও তিনি জানান যে, ১৪৩০ বাংলা সনে তারাকান্দা উপজেলাধীন ১৮ (আঠারটি) বাজার ইজারার বন্দবস্ত কার্যক্রম পরিচালনায় প্রচার, আপ্যায়ন, দরপত্র প্রস্তুতকরণসহ অন্যান্য কাজের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে করার বিধান রয়েছে। উক্ত কাজের ব্যয় বাবদ ১,২৫,০০০/-টাকার বিল ভাউচার সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৬	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা	তিনি সভায় জানান যে, বানিহালা ইউনিয়নের মাঝিয়ালি গ্রামের জলবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ করা অতিব জরুরী। এছাড়াও তিনি তারাকান্দা উপজেলার বনপলাশিয়া ফুরকানিয়া মাদরাসাটির ফ্লোর পাকাকরণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ২০,০০০/- হাজার টাকা বরাদ্দ প্রদানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ পূর্বক সভায় আলোচিত প্রতিটি প্রস্তাবনাসমূহ যাচাই বাছাই পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান	তারাকান্দা উপজেলার বনপলাশিয়া ফুরকানিয়া মাদরাসাটির ফ্লোর পাকাকরণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ২০,০০০/- বরাদ্দ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল